গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

পবিত্র ঈদ-উল-আযহা/২০২৪ (১৪৩১ বঙ্গাব্দ) উপলক্ষ্যে অস্থায়ী কোরবানীর পশুর হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর পত্র নং ৪৬,০৪১.০৩০.০২.০০০.০২.২০১১.৮৭০ তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১১, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ এর পত্র নং ৪৬.০০.০০০০.০৪১.০৩১.০৩৯.১৩.২৪৫ তারিখ: ০৪ আগস্ট ২০১৬ এবং জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এর স্থানীয় সরকার শাখার স্মারক নং ০৫.৩০.৬৮০০.১০৯.০৫.৩৮.২২-২৩৯ তারিখ: ০৩ জুন ২০২৪ মোতাবেক নরসিংদী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত অস্থায়ী পশুর হাটগুলো ইজারার জন্য নিম্নোক্ত ও প্রচলিত শর্তে এবং সীলমোহরকৃত খামে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। তবে শর্ত থাকে যে, যানবাহন চলাচলকারী সড়কের উপরে পশুর হাট বসিয়ে যানজট সৃষ্টি করা যাবে না। দরপত্রসমূহ নিম্নলিখিত তারিখে নির্ধারিত সময় পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ নিম্নলিখিত তারিখ মোতাবেক ক্রয় ও দাখিল করা যাবে। দরপত্রে উল্লিখিত দরের অর্থের ৩০% টাকা জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদীর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট/পে অর্ডার দাখিল করতে হবে। যার দরপত্র গ্রহণ করা হবে তাকে দরপত্র গ্রহণের সাথে সাথে অবশিষ্ট ৭০% টাকা পরিশোধ করতে হবে। ইজারার মূল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট অতিরিক্ত হিসেবে প্রদান করতে হবে। দরপত্রে কোন প্রকার ঘষামাজা বা অভাররাইটিং করা যাবে না। দরদাতাগণকে বর্ণিত হাটের অবস্থা সম্পর্কে দরপত্র দাখিলের পূর্বেই অবহিত হওয়ার জন্য বলা হলো। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্রের মূল্য অফেরতযোগ্য। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং www.narsingdisadar.narsingdi.gov.bd ওয়েব সাইটে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

অস্থায়ী পশুর হাটের তালিকা:

ক্রমিক নং	উপজেলার নাম	ইউনিয়নের নাম	অস্থায়ী হাট-বাজারের নাম	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)
১	নরসিংদী সদর	করিমপুর	পঞ্চবটি বাজার ঘাটলা সংলগ্ন অস্থায়ী পশুর হাট।	৫০০/-
২			করিমপুর বাজার সংলগ্ন খাস মাঠে অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৩		পাইকারচর	বালাপুর বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৪			পুরানচর বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৫		আমদিয়া	পাইকারদী বাজার অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৬			প্রাইম সিটি বালুর মাঠ অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৭			আমদিয়া বাজার অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৮		পাঁচদোনা	ভাটপাড়া আমানতশাহ্ স্পিনিং মিলস্ সংলগ্ন খোলা মাঠে অস্থায়ী পশুর হাট।	৫০০/-
৯			নেহাব হাটখলা বাজার অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১০		নুরালাপুর	নুরালাপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন পতিত স্থানে অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১১			আলগী বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১২			আরিফ চেয়ারম্যানের বাড়ী সংলগ্ন স্থানে অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১৩		কাঠালিয়া	ফজুরকান্দী নতুন বাজার সংলগ্ন অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১৪		মহিষাশুড়া	সুইচ গেট বাজার সংলগ্ন হামটি মেঘনা নদীর পাড় অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১৫		হাজীপুর	বাদুয়ারচর গেট বাজার সংলগ্ন বালুর মাঠ অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১৬			বদরপুর অস্থায়ী পশুর হাট।	৫০০/-
১৭		চিনিশপুর	দাসপাড়া বালুর মাঠ অস্থায়ী পশুর হাট।	৫০০/-

দরপত্র সিডিউল ক্রয় ও দাখিলের বিবরণী:

দরপত্র আহবানের দফা	দরপত্র সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	০৯ জুন ২০২৪ তারিখ দুপুর ১.৩০ টা পর্যন্ত	০৯ জুন ২০২৪ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত	০৯ জুন ২০২৪ তারিখ বিকাল ৪.৩০ টা
২য় পর্যায় (১ম পর্যায়ে ইজারা না হলে)	১০ জুন ২০২৪ তারিখ দুপুর ১.৩০ টা পর্যন্ত	১০ জুন ২০২৪ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত	১০ জুন ২০২৪ তারিখ বিকাল ৪.৩০ টা
৩য় পর্যায় (২য় পর্যায়ে ইজারা না হলে)	১১ জুন ২০২৪ তারিখ দুপুর ১.৩০ টা পর্যন্ত	১১ জুন ২০২৪ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত	১১ জুন ২০২৪ তারিখ বিকাল ৪.৩০ টা

শর্তসমূহ:

১। মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখার স্মারক নং ৩৩৩ তারিখ: ১৮/০৭/২০১৯ এর নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ/খেলার মাঠ, রেললাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটে ইত্যাদি জনগুরুত্বপূর্ণ স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।

২। জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়ক হতে কমপক্ষে ৫০০ ফুট দূরে এবং অন্যান্য সড়ক হতে কমপক্ষে ৩০০ ফুট দূরে হাট বসাতে হবে। রাস্তার উপরে হাট বসিয়ে কোনভাবেই রাস্তা বন্ধ করা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

৩। ইজারা মূল্য দরপত্র গৃহীত হওয়ার সাথে সাথে ইজারার সমুদয় অর্থ আয়কর ও ভ্যাটসহ পরিশোধ করতে হবে। অনুমোদিত ইজারাদারকে সরকার নির্ধারিত হারে পাকা রশিদের মাধ্যমে টোল/হাসিল আদায় করতে হবে। কোনভাবে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। নির্ধারিত তারিখের পর কোন ক্রমেই অস্থায়ী হাটের কার্যক্রম চালানো যাবে না।

৪। সকল পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারী চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করতে হবে।

৫। হাট বসানোর জন্য পর্যাপ্ত খোলা জায়গা নির্বাচন করতে হবে। কোন অবস্থায় বন্ধ জায়গায় হাট বসানো যাবে না। পশুর হাটে প্রবেশের জন্য (প্রবেশপথ ও বাহির পথ) নির্দিষ্ট করতে হবে।

৬। ইজাদার নিজ দায়িত্বে হাটের শৃঙ্খলা এবং হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন। জাল টাকা প্রতিরোধের ব্যবস্থা গ্রহণে ব্যাংক প্রতিনিধি ও ভেটেরিনারী সার্জন/প্রাণী সম্পদ বিভাগের সংশ্লিষ্ট লোকজনের বসার জন্য বুথ স্থাপনের ব্যবস্থা করবেন এবং কন্ট্রোলরুম প্রস্তুত করবেন।

৭। ইজারাদার, লবনের ডিলারের সাথে যোগাযোগপূর্বক হাটে বাধ্যতামূলকভাবে লবনের একটি বিক্রয় কেন্দ্র স্থাপন করবেন এবং হাটে আগত পশু ক্রেতাদের লবন ক্রয়ে উদ্বুদ্ধ করবেন।

৮। হাট ইজারাদার কর্তৃক হাট বসানোর আগে মহামারি প্রতিরোধী সামগ্রী যেমন- মাস্ক, সাবান, জীবানুমুক্তকরণ সামগ্রী ইত্যাদি সংগ্রহ করতে হবে। পরিস্কার পানি সরবরাহ ও হাত ধোয়ার জন্য পর্যাপ্ত পরিমানে তরল সাবান/সাধারণ সাবানের ব্যবস্থা রাখতে হবে।

৯। একটি পশু থেকে আরেকটি পশু এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩ (তিন) ফুট বা ২ (দুই) হাত দূরত্ব বজায় রেখে পশু ক্রয় করতে পারে।

১০। কোন দরপত্র ক্রেতা দুইটি অস্থায়ী বাজারের দরপত্র ক্রয় করতে চাইলে প্রতিটি বাজারের জন্য পৃথক দরপত্র ক্রয় করতে হবে।

১১। হাট বসানোর অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে পশুর হাট বসানো যাবে। কোনক্রমেই নির্ধারিত তারিখের পরে অস্থায়ী হাটের কার্যক্রম পরিচালনা করা যাবে না।

১২। প্রতিটি পশুর সাথে সর্বোচ্চ ২ জন ব্যক্তি অবস্থান করতে পারবে।

০৪/০৬/২৪
আসমা সুলতানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ ০২২২৪৪৫২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৮৬০.০০০.১৭.০২০.২৪-৫৭২

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৪ জুন ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, নরসিংদী
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী

নোটিশ বোর্ডে প্রদর্শন ও প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী
২। উপজেলা...কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী।
৩। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী। (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)
৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,....................................... ইউনিয়ন ভূমি অফিস, নরসিংদী সদর, নরসিংদী। (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ করা হলো)
৫। সভাপতি/সেক্রেটারী/ইজারাদার,..বাজার, নরসিংদী সদর, নরসিংদী
৬। নোটিশ বোর্ড
৭। অফিস কপি

০৪/০৬/২৪
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী